

# ভালোবাসার সুপারহিট ফর্মুলা

প্রথম দেখা, ভালো লাগা, পরিচয়, প্রণয় এবং পরিনয়। ভালোবাসার পাটীগণিত এতই সরল! প্রেমগণিতের ফর্মুলাটা ঝটপট শিখে নিন। বাজী ধরে বলতে পারি, ভালোবাসার সুপারহিট ফর্মুলা আপনার কাজে লাগবেই...ফর্মুলা জানাচ্ছেন হাসান মূর্তাজা



গবেষকরা বলেন, মানুষ প্রেমে পড়তে সময় নেয় মাত্র ২৭ সেকেন্ড। প্রথম দৃষ্টিতে বা পরিচয়ে কাউকে ভালো লেগে যেতে পারে। দেখুন তো, পাশের বাড়ির মেয়েটি কি না।



গবেষকরা কি না বলে! প্রয়োজনে ২৭ দিন সময় দিন। ছেলেটির দৃষ্টি ভালো করে দেখুন। কি দেখা যায় সেখানে? প্রেম না অন্য কিছু?

সক্রেটিসের অমর বাণী : নো দাইসেলফ। অর্থাৎ নিজেকে জানো। তাকে ভালো লাগে। কিন্তু এই ভালোলাগার দৌড় কতদূর? অর্থাৎ 'তাকে' জানার আগে আপনার মনকে জানুন। বুকের ধুকপুকানি কি শুধুই ইনফেচুয়েশন, মোহ? নাকি ভালোবাসা?



আপনিও নিজেকে জানুন। পা বাড়ানোর সাহস আছে তো? 'ওর' এসএমএসের মমার্থ খুঁজে বের করুন। বানানোর কথা বলছি না। বলছি মোবাইলটা উল্টো করে ধরুন এবং পড়ুন 'i miss u'। বলুন তো, এ সবের কোনো মানে হয়!

কিউ হো গ্যায়ানা না? মানে প্রেমে তাহলে পড়েই গেলেন? বেশ, সাহস করে এগিয়ে যান। ধানাই-পাইন ছেড়ে তাকে বলুন, 'আমি তোমাকে ভালোবাসি'। আজকাল তো এসএমএসের যুগ। মোবাইল নম্বরটা যোগাড় করে পাঠিয়ে দিন 'n ss! w !'



আজকাল চুটিয়ে ডেটিং করা হচ্ছে না? কেমন বুঝছেন ছেলেটাকে? স্বপ্ন দেখা যায়? পা বাড়ানোর আগে দেখে নিন সামনে গর্ত নাকি মসৃণ পথ। 'যদি ভালো না লাগে তো দিও না মন...'



সদা সত্য কথা বলিবে। ছেলেবেলায় পড়া এই আশুবাচ্যটির অনেক শ্রদ্ধ এতদিন করেছেন। দয়া করে 'তার' সঙ্গে ছলনার পথে হাঁটবেন না। বিজ্ঞাপনের ভাষা পাল্টে বলা যায়, একটি মিথ্যা সারা জীবনের কান্না।

'ন্যাকামি জানো না/ তো তুমি কিসের রমণী?' নির্মুলেন্দু গুণের নিশিকাব্যকে বেদবাক্য মনে করার কোনো মানে নেই। দয়া করে আপনিও তার সঙ্গে সদা সত্য কথা বলুন।

আমরা দুজনা ভাসিয়া এসেছি যুগল প্রেমের শ্রোতে, অনাদিকালের হৃদয় উৎস হতে। দুজন মিলে হৃদয়পুরের ঠিকানাটা খুঁজে বের করে ফেলুন। তাকে বলুন, 'পরাজিত প্রেম তোমাকে দেব না, স্বাভী...'

হে হৃদয়পুরের যাত্রী, বাসটা ফাঁকা কেন? পরিবারের অন্য সবাই কোথায়? মা-বাবা, ভাইবোন, মামা খালু...আশা করি আপনার জীবনটা রূপকথার মতোই হবে। 'অবশেষে তারা সুখে শান্তিতে বসবাস করতে লাগল'। ঘটকালী করার জন্য সাপ্তাহিক ২০০০কে মনে রাখবেন আশা করি।

